



Royal University of Dhaka (RUD)

Plot 404, Channel 24 road, Tejgaon I/A, Dhaka 1208

+880 2223314603,607 info@royal.edu.bd www.royal.edu.bd

রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা-র প্রথম কনভোকেশন আয়োজন প্রসঙ্গে কর্তৃপক্ষের বিশেষ বার্তা

রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা তার প্রতিটি শিক্ষার্থীকে কেবল ছাত্র হিসেবে নয়, বরং তার পরিবারের অবিচ্ছেদ্য অংশ মনে করে। একটি সফল শিক্ষাজীবন শেষে কনভোকেশন বা সমাবর্তন কেবল একজন শিক্ষার্থীর জন্য নয়, বরং বিশ্ববিদ্যালয়ের জন্যও অত্যন্ত গৌরব ও মর্যাদার। আমরা শিক্ষার্থীদের সেই আবেগের সাথে পূর্ণ একাত্মতা পোষণ করছি।

আপনারা অবগত আছেন যে, বর্তমান উপাচার্য মহোদয় মাত্র চার মাস পূর্বে দায়িত্ব গ্রহণ করেছেন। একটি মানসম্মত ও সুশৃঙ্খল সমাবর্তন আয়োজনের জন্য বেশ কিছু প্রশাসনিক প্রক্রিয়া এবং পূর্বশর্ত পূরণ করতে হয়। গত চার মাসে আমরা এই লক্ষ্যে নিরলস কাজ করার ফলে প্রতিটি শর্ত পূরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। একটি সফল ও নিখুঁত আয়োজনের জন্য যে ন্যূনতম সময় প্রয়োজন, আমরা এখন সে সময় টুকুই কামনা করছি।

আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ১২ সেপ্টেম্বর ২০২৬ (প্রস্তাবিত) তারিখে রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা-এর কাজিফত প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে।

প্রিয় প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের আমরা আশ্বস্ত করতে চাই-প্রয়োজনীয় সময়ের বাইরে অতিরিক্ত একদিনও কালক্ষেপণ করার কোনো অভিপ্রায় কর্তৃপক্ষের নেই। আমরা এই আয়োজনে বদ্ধপরিকর। এই লক্ষ্য নিয়ে আনুষঙ্গিক সকল প্রস্তুতিও পুরোদমে এগিয়ে চলছে। শিক্ষার্থীদের যেকোনো উদ্বেগ ও সুপারিশ আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কর্তৃপক্ষ আশা করে, সকল শিক্ষার্থী ও সংশ্লিষ্ট পক্ষ অত্যন্ত ধৈর্যের সাথে এই চলমান প্রক্রিয়াকে সহযোগিতা করবেন। আপনাদের নৈতিক সমর্থন ও সংহতি আমাদের এই আয়োজনকে আরও দ্রুত ও স্মরণীয় করে তুলবে। আমরা একযোগে একটি সফল কনভোকেশনের সাক্ষী হবো ইনশাআল্লাহ।

কর্তৃপক্ষের পক্ষে,

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা